

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা
www.mopa.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২০.৫৪

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৭

০৮ মে ২০২০

বিষয়: “জনপ্রশাসন পদক ২০২০” এর মনোনয়ন প্রেরণের সময় বর্ধিতকরণ।

সূত্র: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২০.০৪; তারিখঃ ০৮/০১/২০২০।

জনপ্রশাসন পদক নীতিমালা ২০১৫ (২০১৬ সালে সংশোধিত) অনুসারে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে জাতীয় ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে [০৩ (তিন) শ্রেণিতে মোট ০৬ (ছয়) টি ক্যাটাগরি] “জনপ্রশাসন পদক ২০২০” প্রদান করার জন্য সুত্রোক্ত স্মারকে মনোনয়ন আহ্বানপূর্বক বিজ্ঞপ্তি জারী করা হয়। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে মন্ত্রণালয়/বিভাগ এবং জেলা/অধিদফতর পর্যায়ে হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণের সর্বশেষ সময়সীমা ছিল ০৭ এপ্রিল ২০২০। কিন্তু করোনা-ভাইরাস প্রাদুর্ভাবের কারণে ৭ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে অনেকে মনোনয়ন প্রেরণ করতে পারেননি।

২। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ এবং জেলা/অধিদফতর পর্যায়ে হতে যারা উক্ত সময়ের মধ্যে মনোনয়ন প্রেরণ করতে পারেননি তাদেরকে আগামী ১৮ মে ২০২০ তারিখের মধ্যে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে মনোনয়ন **(নীতিমালার “সংযোজনী-ক” ও বাছাই কমিটি সভার কার্যবিবরণী word ও pdf ফাইলে ই-মেইলে cp2@mopa.gov.bd)** প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যারা ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ করেছেন তাদের নতুন করে মনোনয়ন প্রেরণের প্রয়োজন নেই।

৮-৫-২০২০

ড. মোহাম্মদ হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

ইমেইল: cp2@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৩) সিনিয়র সচিব/সচিব..... (সকল);
- ৪) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা বাছাই কমিটি (সকল)।


স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২০.৫৪/১(১৩)

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৭

০৮ মে ২০২০

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) বিভাগীয় কমিশনার (সকল);
- ২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৩) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬) অফিস কপি।



৮-৫-২০২০

ড. মোহাম্মদ হোসেন

উপসচিব